স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ভর্তি নির্দেশিকা



শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭

https://admission.jnu.ac.bd

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সার্বিক ভর্তি প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের
জন্য ভর্তি নির্দেশিকাটি অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে (https://admission.jnu.ac.bd) আবেদন আহ্বান করছে।

২. আবেদনের যোগ্যতা

ক) যে সকল শিক্ষার্থী ২০২৩ বা ২০২৪ সালে এসএসসি/সমমান এবং ২০২৬ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং নিম্নোক্ত ন্যূনতম যোগ্যতা অর্জন করেছে তারা আবেদন করতে পারবে।

ইউনিট (অনুষদ)	উচ্চ মাধ্যমিক/সমমানের যে সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে	ন্যূনতম যোগ্যতা
ইউনিট A (বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)	বিজ্ঞান, মাদ্রাসা (বিজ্ঞান), ভোকেশনাল (উপযুক্ত বিষয়সহ)	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৭.০০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০০** এর কম নয়।
ইউনিট B (কলা অনুষদ ও আইন অনুষদ)	সকল শাখা	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৬.০০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০০** এর কম নয়।
ইউনিট C (বিজনেস স্টাডিজ অনুষদ)	সকল শাখা	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৬.৫০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০০** এর কম নয়।
ইউনিট D (সামাজিক বিজ্ঞান অনুষদ)	সকল শাখা	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৬.০০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০০** এর কম নয়।
ইউনিট E (চারুকলা অনুষদ)	সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাক বিএফএ সার্টিফিকেটধারী শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৫.৫০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **২.৭৫** এর কম নয়।

* উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী (সর্বোচ্চ ০২ বিষয়ে অনুত্তীর্ণ) এইচএসসি/সমমান সম্পূরক পরীক্ষা ২০২৬ এ অংশগ্রহণ করবে, সে সকল শিক্ষার্থী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ইউনিটের ভর্তির জন্য এসএসসি/সমমানের পরীক্ষার যোগ্যতার শর্ত সাপেক্ষে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে, যদি কোনো শিক্ষার্থী এইচএসসি/সমমান সম্পূরক পরীক্ষা ২০২৬ এ উত্তীর্ণ হওয়ার পরও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ইউনিটের ভর্তির জন্য নির্ধারিত ভর্তি যোগ্যতা পূরণে ব্যর্থ হয় তাহলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

খ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি), ইংরেজি মাধ্যম অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে তাদের আবেদনের গ্রহণযোগ্যতা তুল্যতা (Equivalence) সাপেক্ষে নির্ধারিত হবে। তুল্যতা (Equivalence) সার্টিফিকেট-এর জন্য বিশ্ববিদ্যালয়ের admission ওয়েবসাইট থেকে https://admission.jnu.ac.bd/equivalences/apply -এই লিংকে প্রবেশ করে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

গ) ইংরেজি মাধ্যম "O" লেভেলে ৫টি এবং "A" লেভেলে ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। "O" লেভেলে ৫টি এবং "A" লেভেলে ২টি অর্থাৎ মোট সাতটি বিষয়ের মধ্যে যথাক্রমে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড ও ৩ টি বিষয়ে কমপক্ষে C গ্রেড থাকতে হবে।

ঘ) বিদেশী (Foreign national) শিক্ষার্থীরাও ভর্তির জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইউনিটের ভর্তির জন্য নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।

৩। আবেদন প্রক্রিয়া ও করণীয়

ধাপ ১ঃ

(১) প্রথমে https://admission.jnu.ac.bd এ ভিজিট করতে হবে। হোমপেজ এ ইউনিটভিত্তিক আবেদনের যোগ্যতা, গুরুত্বপূর্ণ তারিখ ও নির্দেশনা দেখতে পাওয়া যাবে।
(২) Unit wise Eligibility টেবিলে দেখে নিন কোন কোন ইউনিটে আপনি আবেদন করতে পারবেন।
(৩) ডান পাশে Important Dates-এ আবেদন, প্রবেশপত্র ডাউনলোড এবং পরীক্ষার তারিখ দেখুন।
(৪) Click here to Apply বাটনে অথবা বাম পাশের মেনু থেকে Find & apply- অপশনে ক্লিক করুন।

ধাপ ২ আপনার তথ্য খুঁজুনঃ SSC ও HSC-এর তথ্য দিয়ে বোর্ডের ফলাফল থেকে আপনার তথ্য নেয়া হবে।

(১) SSC Information: SSC পরীক্ষার রোলনম্বর (৬ সংখ্যা), বোর্ড ও পাসের সন দিন।
(২) HSC Information: HSC পরীক্ষার রোলনম্বর (৬ সংখ্যা), বোর্ড ও পাসের সন দিন।
(৩) Have you applied for the HSC Supplementary Exam? — HSC সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণ করে থাকলে Yes, না হলে No নির্বাচন করুন।
(৪) Search বাটনে ক্লিক করুন।
(৫) কারিগরি (Technical) শিক্ষাবোর্ডের শিক্ষার্থীদের জন্য বোর্ড হিসেবে Technical নির্বাচন করলে SSC এবং HSC পরীক্ষার ধরণ (যেমন SSC Vocational, HSC BM, Diploma ইত্যাদি) এবং registration no. চাওয়া হবে। ৬ বা ১০ সংখ্যার রেজিস্ট্রেশন নম্বর— মার্কশিট বা রেজিস্ট্রেশন কার্ড দেখে দিন।

ধাপ ৩ তথ্য মিলিয়ে রেজিস্ট্রেশন করুনঃ আপনার SSC ও HSC- পরীক্ষার এর তথ্যসমূহ দেখাবে। SSC ও HSC- পরীক্ষার রোলনম্বর বোর্ড এবং ফলাফল ভালোভাবে মিলিয়ে নিন।

(১) Applicant information-এ আপনার নাম, পিতা-মাতার নাম, রোল, বোর্ড, সন, গ্রুপ ও GPA মিলিয়ে দেখুন।
(২) উপরে প্রদত্ত তথ্য সঠিক থাকলে Mobile number ও Mobile number again — দুই ঘরেই নিজের সচল মোবাইল নম্বর দিন। নিজের মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করুন। পাসওয়ার্ড SMS-এর মাধ্যমে পাঠানো হবে।
(৩) Submit and send password বাটনে ক্লিক করুন।

বি. দ্র.ঃ ভুল তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করবেন না। একটি মোবাইল নম্বরে একটি আবেদনই হয়, আর পাসওয়ার্ড একই নম্বরেই যায় — তাই এমন নম্বর দিন যা আপনি এখন ব্যবহার করছেন।

ধাপ ৪ অ্যাকাউন্ট তৈরি ঃ পাসওয়ার্ড SMS-এ প্রেরণ

(১) স্ক্রিনে আপনার Application number (আবেদন নম্বর) দেখাবে — লিখে রাখুন।

(২) পাসওয়ার্ড আপনার মোবাইলে SMS-এ পাঠানো হয়েছে; সাধারণত এক মিনিটের মধ্যে আসে।

(৩) Applicant Login বাটনে ক্লিক করে লগইন পেজে যান।

ধাপ ৫ লগইন করুন ঃ

(১) বাম পাশের Applicant Login এ ক্লিক করুন।

(২) SSC roll ও HSC roll (মার্কশিট অনুযায়ী) দিন।

(৩) SMS-এ পাওয়া Password দিন এবং Login ক্লিক করুন (চাইলে Login with application number or mobile instead দিয়ে আবেদন নম্বর বা মোবাইল নম্বর ব্যবহার করে একই Password দিয়ে লগইন করা যায়)।

ধাপ ৬ ড্যাশবোর্ড — আবেদনের ৬টি ধাপ সম্পন্ন করুনঃ

ধাপ	কাজ
১. Photo & Signature	ছবি, লাইভ ছবি, স্বাক্ষর ও HSC কার্ড আপলোড
২. Apply for Unit	যে ইউনিটে পরীক্ষা দেবেন তা নির্বাচন
৩. Question Version	প্রশ্ন বাংলা না ইংরেজিতে চান
৪. Payment	প্রতিটি ইউনিটের ফি আলাদাভাবে পরিশোধ
৫. Application form Download	ফি পরিশোধের পর আবেদন ফরম
৬. Admitcard Download	নির্ধারিত সময়ে প্রবেশপত্র

ধাপ ৭ ইউনিটে আবেদন (Apply for Unit)ঃ আপনার গ্রুপ ও ফলাফল অনুযায়ী যে ইউনিটগুলোতে আবেদন করা যায় শুধু সেগুলোই দেখাবে।

(১) যে ইউনিটে পরীক্ষা দিতে চান তার পাশের Apply বাটনে ক্লিক করুন।

(২) ইউনিটের আইকনে ক্লিক দিলে বিষয়গুলো দেখা যায়।

(৩) নিশ্চিত করার বার্তা আসবে — ফি দেখে Yes, apply ক্লিক করুন।

(৪) একাধিক ইউনিটে আবেদন করতে প্রতিটির জন্য একইভাবে Apply করুন। প্রতিটি ইউনিটের ফি আলাদা।

ধাপ ৮ প্রশ্নের ভার্সন নির্বাচন (Question Version)ঃ

(১) কোন ভাষায় চান — Bengali অথবা English — নির্বাচন করুন।

(২) "Confirm question version" ক্লিক করুন। যে ভার্সন নির্বাচন করবেন, আপনার সব ইউনিটের পরীক্ষায় সেই ভার্সনের প্রশ্ন দেওয়া হবে।

ধাপ ৯ ফি পরিশোধ (Payment)

প্রতিটি ইউনিটের ফি আলাদাভাবে দিতে হয়।

(১) প্রতিটি ইউনিটের ফি ও অবস্থা (Unpaid/Paid) দেখাবে।

(২) Pay with bKash, Pay with Rocket অথবা Pay with RupaliCash — যেকোনো একটি নির্বাচন করুন।

(৩) পেমেন্ট সফল হলে কার্ডটি Paid হবে এবং নিচে Payment history-তে লেনদেন দেখাবে।

মাধ্যম	A/B/C/D ইউনিট	E ইউনিট
bKash / Rocket/ Rupali Cash	১,২১২ টাকা (চার্জসহ)	১,৫১৫ টাকা (চার্জসহ)

bKash দিয়ে পরিশোধ পদ্ধতিঃ

(১) Your bKash Account Number-এ আপনার bKash নম্বর দিন এবং Confirm করুন।

(২) মোবাইলে আসা যাচাই কোড (OTP) দিন, তারপর bKash PIN দিয়ে নিশ্চিত করুন।

(৩) সফল হলে আপনাকে আবার আবেদনের Payment পাতায় ফেরত আনা হবে।

Rocket দিয়ে পরিশোধ পদ্ধতিঃ

(১) Mobile Account-এ আপনার Rocket নম্বর এবং PIN দিন।

(২) SUBMIT ক্লিক করুন; সফল হলে আবেদনের পাতায় ফেরত আসবেন।

Rupali Cash দিয়ে পরিশোধ পদ্ধতিঃ

(১) Your RupaliCash Account number-এ আপনার Rupali Cash নম্বর দিন এবং Proceed ক্লিক করুন।

(২) পরের ধাপগুলোতে পর্দার নির্দেশনা অনুযায়ী যাচাই কোড ও PIN দিয়ে পেমেন্ট নিশ্চিত করুন; সফল হলে আবেদনের পাতায় ফেরত আসবেন।

বি. দ্র.ঃ PIN বা OTP কাউকে বলবেন না। বিশ্ববিদ্যালয় বা হেল্প ডেস্ক কখনো আপনার PIN/OTP চাইবে না।

ধাপ ১০ পেমেন্ট স্লিপ ডাউনলোড ঃ

(১) Payment পাতায় পরিশোধিত (Paid) ইউনিটের কার্ডে Payment slip বাটনে ক্লিক করে ডাউনলোড করুন।
(২) স্লিপ-এ ইউনিট, আবেদন নম্বর, ইনভয়েস, লেনদেন নম্বর (TrxID), পরিশোধের সময় ও QR কোড থাকে।
(৩) স্লিপটি প্রিন্ট করে রাখুন — ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এবং পরীক্ষার হলে প্রবেশপত্রের সঙ্গে আনতে হবে।

ধাপ ১১ আবেদন ফরম ডাউনলোড ঃ

(১) বাম মেনুতে Application form Download ক্লিক করুন।
(২) ফরমে আপনার তথ্য, ছবি, স্বাক্ষর, SSC-HSC ফলাফল, ইউনিট, ফির অবস্থা ও প্রশ্নের ভার্সন থাকে।
(৩) শুধু PAID লেখা ইউনিটগুলোর ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া যাবে।

৪। আবেদন করার সময়সূচি ও আবেদন ফি

ইউনিটসমূহ	আবেদন ফি	আবেদনের সময়কাল
ইউনিট A: বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ ইউনিট B: কলা অনুষদ ও আইন অনুষদ ইউনিট C: বিজনেস স্টাডিজ অনুষদ ইউনিট D: সামাজিক বিজ্ঞান অনুষদ	১,২০০/- (একহাজার দুইশত টাকা) + সার্ভিস চার্জ (bKash/Rocket/RupaliCash মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে জমা দেয়া যাবে।)	২৫/১১/২০২৬ তারিখ বেলা ১২.০০ টা থেকে ১০/১২/২০২৬ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত
ইউনিট E: চারুকলা অনুষদ	১,৫০০/- (একহাজার পাঁচশত টাকা) + সার্ভিস চার্জ (bKash/Rocket/RupaliCash মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে জমা দেয়া যাবে।)	

৫। পরীক্ষার পদ্ধতি, সময়, নম্বর বন্টন ও মেধাতালিকা প্রস্তুতকরণ

তিনটি বিষয়ে বহুনির্বাচনী (MCQ) পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিট A, B, C ও D এর পরীক্ষার সময় হবে **১ ঘন্টা** এবং ইউনিট E এর সময় হবে **১ ঘন্টা ৩০ মিনিট**।

(ক) MCQ পরীক্ষায় প্রতিটি বিষয়ের নম্বর ২৪। তবে ইউনিট E এর MCQ পরীক্ষায় প্রতিটি বিষয়ের নম্বর ৯। **প্রতিটি প্রশ্নের মান ০.৭৫**। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।

(খ) মোট ১০০ নম্বর বিবেচনায় মেধা তালিকা প্রস্তুত করা হবে। পরীক্ষার নম্বর বণ্টন নিম্নরূপ:

বহুনির্বাচনী (MCQ)	৭২ নম্বর
SSC/সমমান	১০ নম্বর
HSC/সমমান	১৮ নম্বর
মোট	**১০০ নম্বর**

বি. দ্র. : (১) ইউনিট B এর অন্তর্ভুক্ত সংগীত ও নাট্যকলা এবং ইউনিট D-এর অন্তর্ভুক্ত ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বহুনির্বাচনী পরীক্ষার ফলাফলের পর মেধা তালিকার ভিত্তিতে ৫০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বহুনির্বাচনী ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে। উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষার জন্য নির্দিষ্ট হারে ফি প্রযোজ্য হবে। ব্যবহারিক পরীক্ষার ফি ও সময়সূচি পরবর্তীতে https://admission.jnu.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

(২) ইউনিট E-এ ৪৫ নম্বরের ব্যবহারিক এবং ২৭ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(গ) ভর্তি পরীক্ষার বিষয়গুলো হবে নিম্নরূপ

ইউনিট	পরীক্ষার বিষয়	
ইউনিট A বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ	i. পদার্থবিজ্ঞান ii. রসায়ন iii. গণিত অথবা জীববিজ্ঞান	
ইউনিট B কলা অনুষদ ও আইন অনুষদ	i. বাংলা ii. ইংরেজি iii. সাধারণ জ্ঞান	সকল শাখার জন্য
ইউনিট C বিজনেস স্টাডিজ অনুষদ	বাণিজ্য শাখা	অন্যান্য শাখা
	i. ইংরেজি ii. গাণিতিক বুদ্ধিমত্তা iii. হিসাব বিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ	i. ইংরেজি ii. গাণিতিক বুদ্ধিমত্তা iii. সাধারণ জ্ঞান
ইউনিট D সামাজিক বিজ্ঞান অনুষদ	i. বাংলা ii. ইংরেজি iii. গাণিতিক বুদ্ধিমত্তা ও সাধারণ জ্ঞান	সকল শাখার জন্য
ইউনিট E চারুকলা অনুষদ	i. ড্রইং ii. বহুনির্বাচনী (বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান)	সকল শাখার জন্য

* উপরোল্লিখিত ইউনিটসমূহে প্রত্যেক বিষয়ে পরীক্ষার নম্বর সমান থাকবে।

৬। ভর্তি পরীক্ষার সময়সূচি

ইউনিট (অনুষদ)	তারিখ	বার	পরীক্ষার সময়	মন্তব্য
ইউনিট A বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ	০১/০১/২০২৭	শুক্রবার	সকাল ১০.০০টা থেকে সকাল ১১.০০টা পর্যন্ত	আসন বিন্যাস যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
ইউনিট E চারুকলা অনুষদ	০৮/০১/২০২৭	শুক্রবার	সকাল ১০.০০টা থেকে সকাল ১১.৩০টা পর্যন্ত	
ইউনিট B কলা অনুষদ ও আইন অনুষদ	১৫/০১/২০২৭	শুক্রবার	সকাল ১০.০০টা থেকে সকাল ১১.০০টা পর্যন্ত	
ইউনিট C বিজনেস স্টাডিজ অনুষদ	২২/০১/২০২৭	শুক্রবার	সকাল ১০.০০টা থেকে সকাল ১১.০০টা পর্যন্ত	
ইউনিট D সামাজিক বিজ্ঞান অনুষদ	২৩/০১/২০২৭	শনিবার	সকাল ১০.০০টা থেকে সকাল ১১.০০টা পর্যন্ত	

* উল্লেখ্য অনিবার্য কারণে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ের পরিবর্তন হলে পরবর্তীতে মিডিয়া ও SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

৭। **ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড, আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে পরীক্ষার্থীর করণীয়**

ক) সফলভাবে আবেদনকৃত পরীক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট https://admission.jnu.ac.bd থেকে **প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড পরবর্তী প্রিন্ট করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। উল্লেখ্য পরীক্ষা শুরুর ১০ (দশ) দিন পূর্বে প্রবেশপত্র ডাউনলোড কার্যক্রম শুরু হবে এবং ০৩ (তিন) দিন পূর্বে প্রবেশপত্র ডাউনলোড কার্যক্রম বন্ধ হয়ে যাবে।** ভর্তি পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে মাধ্যমে পরীক্ষা শুরুর দুইদিন পূর্বে জানানো হবে। পরীক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে নির্ধারিত আসনেই পরীক্ষা দিতে হবে।

খ) প্রবেশপত্র (Admit Card) ছাড়া কোনো পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। পরীক্ষার্থীকে প্রবেশপত্রটি ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে দায়িত্বরত প্রত্যবেক্ষক (Invigilator)- কে দেখাতে হবে এবং প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষর করিয়ে নিতে হবে। প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরকৃত প্রবেশপত্রটি পরীক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে কারণ **পরবর্তীতে ভর্তির সময় প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্রটি প্রয়োজন হবে।**

গ) প্রবেশপত্রের (Admit Card)-এর ছবির সাথে শিক্ষার্থীর মিল না থাকলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ঘ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। এ ধরনের কোনো সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করাসহ পরীক্ষা বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। **বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটের আসনসংখ্যা এবং ভর্তির শর্তাবলি**

ইউনিট A (বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড এবং শর্তাবলি
১.	রসায়ন	৮৪	রসায়ন B, গণিত B এবং পদার্থবিজ্ঞান B
২.	গণিত	৮৪	গণিত A, "A"-লেভেল পরীক্ষার ক্ষেত্রে গণিতে B
৩.	পদার্থবিজ্ঞান	৮৪	পদার্থবিজ্ঞান A– এবং গণিত A–
৪.	পরিসংখ্যান	৮৪	গণিত B, "A"-লেভেল পরীক্ষার ক্ষেত্রে গণিতে C
৫.	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৬৩	সকল বিষয়ে A, "A"-লেভেল পরীক্ষার ক্ষেত্রে কমপক্ষে B থাকতে হবে
৬.	উদ্ভিদবিজ্ঞান	৮৪	জীববিজ্ঞান B রসায়ন B
৭.	ভূগোল ও পরিবেশ	৬৯	রসায়ন, জীববিজ্ঞান ও ভূগোল-এর যে কোন একটি বিষয়ে ন্যূনতম B
৮.	মনোবিজ্ঞান	৮৪	শর্ত প্রযোজ্য নয়
৯.	প্রাণিবিদ্যা	৮৪	জীববিজ্ঞান B
১০.	অণুজীব বিজ্ঞান	৪৭	জীববিজ্ঞান A+, রসায়ন A, পদার্থবিজ্ঞান A এবং ইংরেজি A
১১.	ফার্মেসী	৫৩	রসায়ন A, জীববিজ্ঞান A, গণিত A এবং ইংরেজি A
১২.	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান	৪২	রসায়ন A, জীববিজ্ঞান A+, গণিত A, পদার্থবিজ্ঞান A এবং ইংরেজি A
১৩.	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি	২৬	রসায়ন A+, জীববিজ্ঞান A+, পদার্থবিজ্ঞান A এবং ইংরেজি A
মোট		৮৮৮	

ইউনিট B (কলা অনুষদ ও আইন অনুষদ)

ক্রম.	বিভাগ/ইনস্টিটিউট	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড এবং শর্তাবলি
			মানবিক	বিজ্ঞান	বাণিজ্য ও অন্যান্য	
১.	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	৫৩	২৮	১৫	১০	বাংলা ও ইংরেজি B
২.	আধুনিক ভাষা ইনস্টিটিউট	৪২	২২	১০	১০	ইংরেজি A
৩.	বাংলা	৮৪	৬৪	১০	১০	বাংলা B
৪.	ইংরেজি	৮৪	৪৪	২৫	১৫	ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ৫০% নম্বর পেতে হবে।
৫.	ইতিহাস	৮৪	৭০	১০	৪	শর্ত প্রযোজ্য নয়
৬.	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৮৪	৮০	৪	০	
৭.	ইসলামিক স্টাডিজ	৮৪	৭৪	১০	০	
৮.	দর্শন	৮৪	৭৪	১০	০	
৯.	আইন	৮৪	৩০	৩৪	২০	বাংলা ও ইংরেজি B
১০.	আইন ও ভূমি প্রশাসন	৬৩	৩০	২০	১৩	বাংলা ও ইংরেজি B
১১.	সংগীত	৪২	সকল শাখার জন্য উন্মুক্ত			শর্ত প্রযোজ্য নয়
১২.	নাট্যকলা	৩৭	সকল শাখার জন্য উন্মুক্ত			
	মোট	৮২৫				

ইউনিট C (বিজনেস স্টাডিজ অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			বাণিজ্য	বিজ্ঞান	মানবিক ও অন্যান্য	
১.	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্	১৬৮	১৪৬	১২	১০	শর্ত প্রযোজ্য নয়
২.	ম্যানেজমেন্ট স্টাডিজ	১৬৮	১৪৬	১২	১০	
৩.	ফিন্যান্স	১০৫	৯৫	৫	৫	
৪.	মার্কেটিং	১০৫	৯৫	৫	৫	
মোট		৫৪৬	৪৮২	৩৪	৩০	

ইউনিট D (সামাজিক বিজ্ঞান অনুষদ)

ক্রম.	বিভাগ/ইনস্টিটিউট	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			মানবিক	বিজ্ঞান	বাণিজ্য ও অন্যান্য	
১.	অর্থনীতি	৮৪	৩৫	৪৪	৫	গণিত অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যান অথবা হিসাববিজ্ঞানে B
২.	রাষ্ট্রবিজ্ঞান	৮৪	৫৪	২০	১০	বাংলা ও ইংরেজিতে A-
৩.	সমাজবিজ্ঞান	৮৪	৬৪	১০	১০	বাংলা ও ইংরেজিতে A-
৪.	সমাজকর্ম	৮৪	৬৪	১৫	৫	বাংলা ও ইংরেজিতে A-
৫.	নৃবিজ্ঞান	৮৪	৫৯	১৫	১০	শর্ত প্রযোজ্য নয়
৬.	গণযোগাযোগ ও সাংবাদিকতা	৮৪	৬৪	১০	১০	বাংলা ও ইংরেজিতে B
৭.	লোকপ্রশাসন	৮৪	৫৪	২০	১০	বাংলা ও ইংরেজিতে B
৮.	ভূগোল ও পরিবেশ	১৫	১০	-	৫	ভূগোল অথবা বাণিজ্যিক ভূগোল বিষয়ে ন্যূনতম B
৯.	ফিল্ম এন্ড টেলিভিশন	৩২	সকল শাখার জন্য উন্মুক্ত			বাংলা ও ইংরেজিতে A-
	মোট	৬৩৫				

ইউনিট E (চারুকলা অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
১.	ড্রইং এন্ড পেইন্টিং	২১	শর্ত প্রযোজ্য নয়
২.	প্রিন্টমেকিং	২১	
৩.	ত্রিমাত্রিক শিল্প ও নকশা	২১	
মোট		৬৩	

০৯। **বিষয় পছন্দক্রম প্রদান**

ভর্তিচ্ছু আবেদনকারীকে ফলাফল প্রকাশিত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট https://admission.jnu.ac.bd এ প্রবেশ করে অগ্রাধিকার ভিত্তিতে ইউনিট ভিত্তিক বিষয় পছন্দ (Subject choice) দিতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয় পছন্দক্রম সাজাতে হবে।

১০। **মেধা তালিকা চূড়ান্তকরণ ও ভর্তি সম্পন্নকরণ**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষার বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। মেধা ও শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রমের সমন্বয়ে তৈরি চূড়ান্ত তালিকার মাধ্যমে বিভাগ ভিত্তিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১। **ভর্তির সময় শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্র**

ভর্তি সম্পন্ন করতে শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্রগুলো মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দিতে হবে-

i) পরীক্ষার হলে কক্ষ প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র;
ii) সদ্যতোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
iii) Online এ পূরণকৃত ভর্তি ফরম-এর প্রিন্টকপি;
iv) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র;
v) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত কপি ০২ (দুই) সেট।

১২। (ক) কোটায় ভর্তি

মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী (Differently Abled- দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস ও হিজড়া), ক্ষুদ্র-নৃগোষ্ঠী, হরিজন ও দলিত, খেলোয়াড়, বিদেশি নাগরিক কোটা এবং পোষ্য (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সন্তান) কোটায় আবেদনকারী পরীক্ষার্থীরা **ভর্তি পরীক্ষায় ন্যূনতম ২৪-নম্বর (৭২ এর মধ্যে) প্রাপ্ত** হলে ভর্তির জন্য প্রাথমিকভাবে যোগ্য বলে বিবেচিত হবেন। তবে ভর্তি পরীক্ষায় কোনো বিষয়ে ৬ (২৫%) এর কম গ্রহণযোগ্য হবে না।

(খ) কোটায় ভর্তির হার নিম্নরূপ

i.	মুক্তিযোদ্ধার সন্তান (FFQ)	: ৫%
ii.	ক্ষুদ্র নৃগোষ্ঠী (SEQ)/ হরিজন ও দলিত (HDQ)	: ১% (SEQ ০.৬% ও HDQ ০.৪%), কোনো বিভাগে ১ জনের অধিক নয়।
iii.	প্রতিবন্ধী (PDQ)	: ০.৫% , কোনো বিভাগে ১ জনের অধিক নয়।
iv.	পোষ্য (WQ)	: কোনো বিভাগে ১ জনের অধিক নয়।
v.	খেলোয়াড় (SQ)	: কোনো বিভাগে ১ জনের অধিক নয়।
vi.	বিদেশি নাগরিক (FCQ)	: বিদেশি শিক্ষার্থী কোয়ালিফাই করলে সবাইকে ভর্তি করা হবে।

(গ) কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নোক্ত সনদপত্র/প্রত্যয়নপত্র থাকতে হবে

১. মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে:

ক) লাল মুক্তিবার্তা/সরকারি গেজেটের ফটোকপি।

খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক মূল সনদপত্র।

২. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে

ক) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মূল সনদপত্র।

খ) গোষ্ঠী প্রধান কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট জাতিগত সনদ।

৩. হরিজন ও দলিত কোটার ক্ষেত্রে

জেলা প্রশাসক/উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রত্যয়নপত্র।

৪. প্রতিবন্ধী (Differently Abled) কোটার ক্ষেত্রে

সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/আইডি (প্রয়োজনে চিকিৎসক দ্বারা শিক্ষার্থীর প্রতিবন্ধিত্ব পরীক্ষা করা হবে)।

৫. খেলোয়াড় কোটার ক্ষেত্রে

বিকেএসপি কর্তৃক প্রদত্ত এসএসসি অথবা এইচএসসি-এর মূল সনদপত্র।

৬. পোষ্য (WARD) কোটার ক্ষেত্রে

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৭. বিদেশি নাগরিক কোটার ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে:

(ক) পাসপোর্ট-এর কপি;

(খ) নাগরিকত্বের কপি;

বি. দ্র. : (১) কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের সময় অবশ্যই কোটা উল্লেখ করতে হবে। পরবর্তী সময়ে কোটায় অন্তর্ভুক্তির জন্য কোনো আবেদন বিবেচনা করা হবে না।

(২) কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণের দিন কোটা সংক্রান্ত প্রয়োজনীয় প্রমাণপত্র সঙ্গে আনতে হবে।

(৩) ভর্তিচ্ছু বিদেশি শিক্ষার্থীদের ২৫/১১/২০২৬ থেকে ১০/১২/২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময় সকাল ৮.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত) কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য-সচিব, রেজিস্ট্রার-এর অফিসে যোগাযোগ করে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রাথমিক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১৩। **স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration)**

ভর্তির জন্য নির্বাচিত হয়ে কোনো বিভাগে ভর্তি হলে পরে বিধিমোতাবেক শিক্ষার্থীদের দেয়া বিষয় পছন্দক্রমের অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (Auto-migration) হবে। তবে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (Auto-migration) পছন্দক্রম ০২ বা ততোধিক (বিভাগের ক্রম) এর জন্য প্রযোজ্য হবে। কোনো শিক্ষার্থী চাইলে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) বন্ধ (Migration-stop) করতে পারবে। সেক্ষেত্রে তাকে প্রথমে নির্বাচিত বিভাগে ভর্তি হতে হবে এবং ভর্তি হওয়ার পর তাকে পোর্টালে লগইন করে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) করতে হবে। উল্লেখ্য নির্বাচিত বিভাগে ভর্তি হয়ে Migration-stop করার জন্য নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ **(Migration-stop)** করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ **(Migration-stop)** না করলে বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন হবে এবং শিক্ষার্থীকে তা অবশ্যই মেনে নিতে হবে।

১৪। **বিবিধ**

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোনো স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো অভিযোগ প্রমাণিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (https://admission.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।

১৬। **ভর্তি সংক্রান্ত যে কোনো বিধি-বিধান পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের ক্ষমতা কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।**

25/11/2026

(অধ্যাপক ড. শেখ মো: গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)